(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস হাউস, ঢাকা
কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
www.dch.gov.bd

কাস্টমস সরকার পারমিট লিখিত পরীক্ষার বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কাস্টমস ক্লিয়ারিং এন্ড ফরোওয়ার্ডিং (সিএন্ডএফ) এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০২৬ অনুযায়ী কাস্টমস সরকার পারমিট প্রদানের লক্ষ্যে কাস্টমস সরকার নিয়োগের লিখিত পরীক্ষা একাধিক ধাপে অনুষ্ঠিত হবে। প্রথম ধাপের পরীক্ষা নিম্নোক্ত ছকের বিবরণ/তথ্যানুযায়ী আগামী ১৫/০৩/২০২৬ খ্রি: তারিখে অনুষ্ঠিত হবে:

পরীক্ষার তারিখ ও বার	:	১৫/০৩/২০২৬ খ্রি: রবিবার
পরীক্ষার সময়	:	সকাল ১০টা - ১১টা (১ ঘন্টা)
পরীক্ষার পূর্ণমাণ	:	৫০
পরীক্ষার পাশ নম্বর	:	২৫
পরীক্ষার স্থান	:	কাস্টমস ক্লাব, কাস্টমস হাউস, ঢাকা
পরীক্ষার সিলেবাস	:	কাস্টমস আইন, আমদানি ও রপ্তানি নীতি আদেশ, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন
পরীক্ষার্থীদের তালিকা	:	পরীক্ষার্থীদের তালিকা নোটিশ বোর্ডে ও ওয়েবসাইটে আছে

০২। পরীক্ষার্থীগণকে নিম্নোক্ত নিয়মাবলী অনুসরণ করতে হবে:

ক) পরীক্ষা শুরুর ১৫মিনিট পূর্বে পরীক্ষার হলে উপস্থিত হতে হবে;

খ) পরীক্ষার সময় জাতীয় পরিচয় পত্রের মূলকপি এবং প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের উপস্থিতিপত্র সঙ্গে রাখতে হবে;

খ) পরীক্ষা চলাকালীন কোন ধরনের বই, পুস্তক, মোবাইল, ঘড়ি বা অন্য কোন ইলেট্রনিক ডিভাইস পরীক্ষার্থীর সাথে রাখা যাবে না;

গ) পরীক্ষার সময় হবে ১ ঘন্টা, এ সময়ে কেউ বাইরে যেতে পারবে না;

ঘ) পরীক্ষার উত্তরপত্র ও প্রশ্নপত্র উভয়ই জমা শেষে কর্তৃপক্ষ যতক্ষণ না অনুমতি প্রদান করবেন, ততক্ষণ কেউ পরীক্ষার হল ত্যাগ করতে পারবে না, নিজ নিজ আসনে বসে থাকতে হবে;

ঙ) পরীক্ষায় কোন অসদুপায় অবলম্বন করা যাবে না;

চ) উপর্যুক্ত নিয়ামাবলীর কোন একটির ব্যতয় করলে উক্ত পরীক্ষার্থীর পরীক্ষা বাতিল বলিয়া গণ্য হইবে।

মোঃ মাহবুবুর রহমান
ডেপুটি কমিশনার অব কাস্টমস
ও
সদস্য সচিব, লাইসেন্সিং কর্তৃপক্ষ
লাইসেন্সিং কর্তৃপক্ষের পক্ষে

তারিখ: ০৯/০৩/২০২৬ খ্রি.

নথি নং-৫(২০)১৫৬/বিবিধ/লাইসেন্স/পার্ট: ০২/৯৭/২৮৪৫(১-১০)

অনুলিপি অবগতি ও পরবর্তী কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অ্যাডিশনাল কমিশনার, কাস্টমস হাউস, ঢাকা।
২। জয়েন্ট কমিশনার-১/২/৩/৪, কাস্টমস হাউস, ঢাকা।
৩। অ্যাসিস্ট্যান্ট/ডেপুটি কমিশনার (সকল), কাস্টমস হাউস, ঢাকা।
৪। অ্যাসিস্ট্যান্ট/ডেপুটি কমিশনার (জনপ্রশাসন শাখা), কাস্টমস হাউস, ঢাকা। (কমপক্ষে ২ জন অ্যাসিস্ট্যান্ট/ডেপুটি কমিশনার, ৬ জন রাজস্ব কর্মকর্তা ও ১২ জন সহকারী রাজস্ব কর্মকর্তাকে পরীক্ষার হলে দায়িত্ব পালন এবং ১৬/০৩/২০২৬খ্রি: সকাল ৯:০০টায় উত্তরপত্র কনফারেন্স কক্ষে মুল্যায়নের জন্য ১০-১২ জন ক্যাডার কর্মকর্তা মনোনয়নের জন্য অনুরোধ করা হলো)
৫। প্রোগ্রামার, কাস্টমস হাউস, ঢাকা। (এ দপ্তরের ওয়েবসাইটে আপলোডের অনুরোধ করা হলো)
৬। রাজস্ব কর্মকর্তা/সহকারী রাজস্ব কর্মকর্তা (সদর), কাস্টমস হাউস, ঢাকা। (কাস্টমস ক্লাবে ১২০ জন পরীক্ষার্থীর পরীক্ষা গ্রহণের আসন ব্যবস্থা এবং পরীক্ষার শৃঙ্খলা নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থাকরণের অনুরোধসহ)
৭। রাজস্ব কর্মকর্তা/সহকারী রাজস্ব কর্মকর্তা (জিএল শাখা), কাস্টমস হাউস, ঢাকা। (পরীক্ষা গ্রহণের জন্য প্রয়োজনীয় সংখ্যক খাতা ও স্টেশনারী সরবরাহকরণের অনুরোধসহ)
৮। সভাপতি/সাধারণ সম্পাদক, ঢাকা কাস্টমস এজেন্ট অ্যাসোসিয়েশন, ৩/সি, নিউ বেইলি রোড,রমনা, ঢাকা। (অ্যাসোসিয়েশনের সদস্যগণের মাধ্যমে আবেদনকারীদেরকে অবহিতকরণের অনুরোধ করা হলো)
৯। পিএ টু কমিশনার, কাস্টম হাউস, ঢাকা। (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
১০। গ্রহণ ও প্রেরণ শাখা, কাস্টমস হাউস, ঢাকা। (এ দপ্তরের নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তিটি সাঁটানোর নির্দেশনাসহ)

মোঃ মাহবুবুর রহমান
ডেপুটি কমিশনার অব কাস্টমস

CamScanner